

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.০০০০.০০১.১৯.১৫০.২১. ২২০৮

তারিখ: ২২.১০.২০২৩খ্রি.

অফিস আদেশ


জনাব মো: আমিনুল ইসলাম, ঘোষক, জেলা তথ্য অফিস, ময়মনসিংহ (বর্তমানে সংযুক্তির ভিত্তিতে বঙ্গভবনে কর্মরত)। পটিয়া তথ্য অফিসে চাকুরিকালে তার নামে ঢাকা মিরপুর পাইকপাড়াস্থ ২৭/২৬ নম্বর সরকারি বাসা'র বরাদ্দ বাতিল করা হলে তিনি বাসাটি যথাসময়ে হস্তান্তর না করার কারণে প্রশাসনিক মন্ত্রণালয়ের ০২ডিসেম্বর, ২০১২খ্রি. তারিখের ১৫.০০.০০০০.০১৪.১৮.০২৩.১১.১৭৬৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে এ অধিদপ্তরের ১৯.১২.২০১২ তারিখের গযো/৪সি-১/২০১২/৪৩৭৮(২) নং স্মারকমূলে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। পরবর্তীতে ২৪.০৪.২০১৪খ্রি. তারিখ তিনি সরকারি বাসাটি স্থানীয় গণপূর্ত বিভাগের নিকট হস্তান্তরসহ বসবাসকালীন বাড়ি ভাড়া, গ্যাস, বিদ্যুৎ ও পানির বিলসহ অন্যান্য সকল সরকারি পাওনাদি পরিশোধ করেন। অভিযুক্ত কর্মচারী তার কৃতকর্মের জন্য ক্ষমা প্রার্থনা করে মানবিক কারণে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের আবেদন করেছেন। অধিকন্তু প্রশাসনিক মন্ত্রণালয়ের ২৮ আগস্ট ২০২৩ তারিখের ১৫.০০.০০০০.০১৪.১৮.২০৫.১২.১৫৬৯ নং স্মারকে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য এ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মো: আমিনুল ইসলাম বিভাগীয় মামলার জবাব প্রদান করেছেন এবং সরকারি বাসাটি স্থানীয় গণপূর্ত বিভাগের নিকট হস্তান্তরসহ বাড়ি ভাড়া, গ্যাস, বিদ্যুৎ ও পানির বিলসহ অন্যান্য সকল সরকারি পাওনাদি পরিশোধ করেছেন; এবং

যেহেতু, তার নিকট সরকারের কোন পাওনা নেই; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মত উপযুক্ত ভিত্তি নেই,

সেহেতু, জনাব মো: আমিনুল ইসলাম, ঘোষক, জেলা তথ্য অফিস, ময়মনসিংহ (পটিয়া তথ্য অফিসে চাকুরিকালে) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলাটি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) অনুসারে প্রত্যাহার করা হলো।



(মো: নিজামুল করিম)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ৮৩০০৬৪০


dgmasscommunication@yahoo.com

নং ১৫.৫৬.০০০০.০০১.১৯.১৫০.২১. ২২০৮/৩(৫)

তারিখ: ২২.১০.২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য :

- ১। উপসচিব (প্রশাসন-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। পরিচালক, জেলা তথ্য অফিস, ময়মনসিংহ।
 - ৩। ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস/ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয়, ময়মনসিংহ।
 - ৪। জনাব মো: আমিনুল ইসলাম, ঘোষক, জেলা তথ্য অফিস, ময়মনসিংহ (বর্তমানে সংযুক্তির ভিত্তিতে বঙ্গভবনে কর্মরত)।
- ✓ ৫। ওয়েবসাইট/দপ্তর নথি।



(মো: মনিরুজ্জামান খান)

উপপরিচালক (প্রশাসন)